ফ্রান্স প্রেসিডেন্ট ম্যাক্রোঁকে ডিম মারার পরিকল্পনা ছিল সেই যুবকের!

চেম্বার ডেস্ক:: ফ্রান্স প্রেসিডেন্ট ম্যাক্রোঁকে থাপ্পড় দেয়া সেই যুবক আদালতকে জানিয়েছেন, ফ্রান্স প্রেসিডেন্টকে থাপ্পড় দেয়া তার পরিকল্পনায় ছিল না, পরিকল্পনা ছিল ডিম মারার।

ফ্রান্স টুয়েন্টি ফোর জানিয়েছে প্রেসিডেন্টকে চড় মারা পূর্বপরিকল্পিত ছিল না বলে আদালতকে জানিয়েছেন ওই যুবক।

আদালতকে তারেল বলেন, ‘প্রেসিডেন্ট ম্যাক্রোঁ খুব নিখুঁতভাবে আমাদের দেশের ক্ষতি করে চলেছেন বলে আমি মনে করি। তাকে যদি আমি লড়াইয়ের চ্যালেঞ্জ জানাতাম, তাহলে তো তিনি আসতেন না।’

দক্ষিণ ফ্রান্সের দ্রোম অঞ্চলে সফররত ম্যাক্রোঁ জনতার সঙ্গে হাত মেলানোর সময় ভিড়ের মধ্য থেকে তাকে চড় মারেন তারেল। মঙ্গলবারের ওই ঘটনার পর থেকেই পুলিশের হেফাজতে ছিলেন তিনি।

তার শুনানির দিন বৃহস্পতিবার সরকার পক্ষের আইনজীবী বলেন, ‘রাষ্ট্রপ্রধানের প্রতি এ ধরনের আচরণ সম্পূর্ণ অগ্রহণযোগ্য এবং উদ্দেশ্যপ্রণোদিত সহিংসতা’।

বিপক্ষের আইনজীবীর এমন মন্তব্যের পর তারেন জানান, প্রেসিডেন্ট সফর করবেন জেনে কয়েক দিন আগে তাকে ডিম বা ক্রিম ছোড়ার কথা ভেবেছিলেন। তবে চড় মারার কোনো পূর্ব পরিকল্পনা ছিল না তার।

প্রসঙ্গত, ফ্রান্সের প্রেসিডেন্ট এমানুয়েল ম্যাক্রোঁকে চড় মারার অপরাধে ২৮ বছর বয়সি দেমিয়েন তারেলকে ১৮ মাসের জেল দিয়েছে দেশটির একটি আদালত। কিন্তু সেই সঙ্গে তার ১৪ মাসের সাজা স্থগিত করা হয়েছে।

সরকারি কর্মকর্তাকে লাঞ্ছনার অপরাধে ফ্রান্সে সর্বোচ্চ শাস্তি তিন বছরের কারাদণ্ড ও ৪৫ হাজার ইউরো জরিমানা।

চড় খাওয়ার ঘটনাটিকে ‘বিচ্ছিন্ন’ উল্লেখ করে ম্যাক্রোঁ জানিয়েছেন, ভোটারদের সঙ্গে সাক্ষাৎ অব্যাহত রাখবেন। ওই যুবকের

আচরণকে ‘বোকামি আর উগ্রতা’ আখ্যা দিয়েছেন ফরাসি প্রেসিডেন্ট।